একুশ মানে - সামাজিক কু প্রথার বিরুদ্ধে আন্দোলন
একুশ মানে - বাড়িয়ে দেয়া বন্ধুত্বের হাত
একুশ মানে - ভ্রাতৃত্বের বন্ধন
একুশ মানে - সরাসরি কথ বলা
একুশ মানে - ঈর্ষা কাতরতা নয়
একুশ মানে - নন্দিত মনের সুন্দর ভুবন

একশ নিউজ মিডিয়া
৬৩৬২, হলিউড বুল্ভার্ড, সুয়ীট্ ৩০২, হলিউড,
ক্যালিফোর্ণিয়া- ৯০০২৮
ফোন (818) 266 7539 / (213) 925 4652 /
(323) 462- 9300 ফ্যাক্স (877) 226-4524

হলিউডের বাংলা পত্রিকা

একুশ

Ekush.info
21 Ekush Bangla Newspaper from Hollywood

ইমিগ্রেশন

ফ্যামিলি স্পন্সরকারীদের জন্য দুঃসংবাদ

ফেডারেল অথরিটি এখন থেকে ইমিগ্রান্টদের ডিএনএ (DNA) পরীক্ষা করছে তাদের সত্যিকার ব্যক্তিগত পরিচয় জানার জন্য। এই পরীক্ষা এখন যারা নিকট আত্মীয়দের জন্য আবেদন করেছেন-তাদের ক্ষেত্রে প্রয়োগ করা হচ্ছে। যারা সিটিজেন বা গ্রীনকার্ড ধারী ফ্যামিলি বা নিকট আত্মীয়দের জন্য আবেদন করেছেন বা করবেন এখন অন্যান্য দরকারি কাগজপত্রের সাথে ডিএনএ পরীক্ষার জন্য ডাকা হচ্ছে। যদিও এই পরীক্ষা ঐচ্ছিক কিন্তু সাড়া না দিলে আবেদন নাকজ হয়ে যাচ্ছে। এই ডিএনএ পরীক্ষার জন্য প্রায় ৭৫০ থেকে ৮০০ ডলার অতিরিক্ত খরচ করতে হবে।

Volume 01, Issue 12, October 1, 2006 | Hollywood, California, USA | www.Ekush.info | Bengali Community Newspaper | রোববার ১ অক্টোবর ২০০৬, ১৬ আশ্বিন ১৪১৩, ৭ রমজান ১৪২৭

বাংলাদেশের জন্মের মূহুর্তে আমি কেঁদেছি: বাংলার নারীই হলো বাংলার আসল জাদু

পাকিস্তানী প্রেসিডেন্ট পারভেজ মুশাররাফের আত্মজীবনী

GKk †W‹

বাংলাদেশের জন্মের মূহুর্তে আমি কেঁদেছি.... এজন্যে ভুট্টোই দায়ী....আমার জীবনের দ্বিতীয় প্রেম ছিল এক বাঙ্গালী মেয়ের সাথে...'

১৯৭১ সালে পাকিস্তান থেকে বাংলাদেশের বিছিন্ন হয়ে যাবার জন্যে জুলফিকার আলী ভুট্টোকে দায়ী করে পারভেজ মুশাররাফ তার সাম্প্রতিক আত্মজীবনী ''ইন দ্যা লাইন অব ফায়ারঃ এ মেমোয়ার''- এ বাংলাদেশের জন্মমূহুর্ত এবং ৯০,০০০ পাকিস্তানীর ভারতীয় সেনার কাছে আত্মসমর্পনের স্মৃতিচারণ করে বলেন, ''আমি একেবারে কান্নায় ভেঙ্গে পড়ি, আমার সাথে সাথে আমার সমস্ত সাহসী সৈন্যরাও কেঁদে ফেলেছিল। আজ অবধি এটা আমার জীবনের সবচেয়ে দুঃখের এবং সবচেয়ে বেদনাবিধুর দিন হয়ে আছে।''

তিনি বইটিতে আরো উল্লেখ করেন যে, পূর্ব পাকিস্তানের পতনের আগে তাকে একটা বিশেষ নিরাপত্তা গ্রুপের সাথে পুর্ব পাকিস্-তানে পাঠানোর সিদ্ধান্ত নেয়া হয়। তিনি বলেন, ''আমার সাথের আত্মবিশ্বাসে ভরপুর সব সৈন্যরা আর আমি সেখানে যাওয়ার জন্য যখন একদম প্রস্তত, ঠিক তখনই যুদ্ধবিরতির ঘোষনা এলো আর পূর্ব পাকিস্তানকে আমাদের কাছ থেকে যেন ছিনিয়ে নিয়ে পৃথক একটি রাষ্ট্র বাংলাদেশের সৃষ্টি করা হলো। আমাদের জন্য সে ছিল এক ভয়ংকর দিন।'' ''যখন আমি আমার সৈন্যদের যুদ্ধবিরতি ঘোষনার কথা বলছিলাম, নব্বুই হাজার পাকিস্তানীর (সৈন্য এবং সিভিলিয়ান মি-লয়ে) আত্মসমর্পনের কথাও এসে গেল। ...পূর্ব পাকিস্তানে তখন যা ঘটেছে, তা হলো পাকিস্তানের ইতিহাসের সবচেয়ে দুঃখজনক পর্যায়।'' - যার জন্যে তিনি জুলফিকার আলী ভূট্টোকে এবং সার্বজনিনভাবে পাকিস্তানের স্বাধিনতার পর থেকে পর্যানুক্রমিক অদক্ষ শাসনকে দায়ী করেন।

বাকি অংশ **পারভেজ** / ৫ পাতায়

সংস্কার নিয়ে বহু প্রতীক্ষিত সংলাপ শুরু : রাজনীতির ক্ষমতা বন্টনের আই ওয়াশ

সংলাপের সূচনায় আনন্দঘন পরিবেশে মান্নান ভূঁইয়া ও এমএ জলিল-মাহবুব হোসেন নবীন

ঢাকা, শুক্রবার: সংস্কার নিয়ে বহু প্রতীক্ষিত সংলাপ গতকাল বৃহস্পতিবার শুরু হয়েছে। নানা নাটকীয়তার মধ্য দিয়ে বিএনপি মহাসচিব আব্দুল মান্নান ভুঁইয়া এবং আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও ১৪ দলের সমন্বয়ক মোঃ আব্দুল জলিল এমপি সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে বেলা পৌনে ১২টায় বৈঠকে মিলিত হন। তাদের বৈঠক ১ ঘন্টা ১০ মিনিট স্থায়ী হয়। পরে এক যৌথ প্রেস ব্রিফিংয়ে উভয়ই বৈঠক অত্যন্ত আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে বলে উল্লেখ করেন। আজ শুক্রবার সকাল ১১টায় দুই নেতা আবার বৈঠকে বসবেন।
আব্দুল মান্নান ভুঁইয়া বলেন, দীর্ঘক্ষণ সৌহার্দ্যপূর্ণ পরিবেশে তারা দু'জনে আলোচনা করেছেন। আব্দুল জলিল তাঁর নিজ দল ও ১৪ দলের পক্ষ থেকে দাবি তুলে ধরেছেন। আমি এসব দাবির ব্যাপারে তাঁর কাছে ব্যাখ্যা চেয়েছি, তিনি আমাকে ব্যাখ্যা দিয়েছেন। আমি দাবি ও ব্যখ্যা নিয়ে দলের সঙ্গে আলাপ করবো। আগামীকাল আবার বসবো। আব্দুল জলিল বলেন, সংস্কার প্রস্তাব নিয়ে বিএনপি মহাসচিবের সঙ্গে আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে তাঁর দীর্ঘ আলোচনা হয়েছে। আমাদের প্রস্তাব আমি তাঁর কাছে হস্তান্তর করেছি। তিনি ব্যাখ্যা চেয়েছেন, আমি ব্যাখ্যা দিয়েছি। কাল বেলা ১১টায় আমরা আবার আলোচনায় মিলিত হবো।

প্রতক্ষ্যদর্শীর জবানবন্দীতে শেখ কামালের ব্যাংক ডাকাতির ইতিহাস

প্রতক্ষ্যদর্শীর জবানবন্দীতে
শেখ কামালের ব্যাংক ডাকাতির ইতিহাস
[লসএঞ্জেলেস থেকে কাজী মশহুরুল হুদা]

আমি কোনো রাজনৈতিক বিশেষজ্ঞ নই, ইতিহাস রচয়িতা নই, বা গবেষক নই। আমি একজন মূকাভিনেতা, একজন ইয়োগা টেকনিক ডেভলেপার (হুদা ইয়োগা)। আমি দীর্ঘ ২০ বছর অধিককাল দেশান্তরী। আমার বাংলাদেশের কোনো রাজনৈতিক দলের সাথে সখ্যতা বা সম্পৃক্ততা নেই, অর্থাৎ আমি কোনো দলের পক্ষের লোক নই এবং কোনো দলের প্রতি অশ্রদ্ধা নেই। শুরুতে নিজের ভূমিকা দেয়ার পেছনে যুক্তি হল, কেউ যেন ধারণা বা মনে না করেন, আমার কোনো স্বার্থ বা উদ্দেশ্য নিহিত রয়েছে। তথাপি অনেকের মনে প্রশ্ন জাগতে পারে হঠাৎ এতদিন পর কেন এমন একটি বিষয় নিয়ে লিখছি? অবশ্যই তার পিছনে যথার্থ যুক্তি থাকতে হবে। আর তার জন্যেই প্রাথমিক ভূমিকার প্রতি সংসদে এমপি নাসির উদ্দীন পিন্টু শেখ কামালের ব্যাংক ডাকাতির উদ্ধৃতি দিয়েছিলেন। এটা ছিল আমার লেখার প্রেরণা। তার পূর্বের ঘটনা একটু বলে রাখা প্রয়োজন। বাংলাদেশের ১৯৭৩ সনে যখন এই ঘটনা সংঘটিত হয় তখন থেকেই আমার একা কৌতুহল ছিল, কেন শেখ কামাল ব্যাংক ডাকাতির করবে তার পেছনে কি যুক্তি থাকতে পারে? এমন নয় যে শেখ কামালের ছাত্র জীবনে এমন ধরনের চারিত্রিক বৈশিষ্ঠ রয়েছে বা ছিল। তাছাড়া বাংলাদেশ ব্যাংকের মতো অবস্থানে গিয়ে ডাকাতি করার সরঞ্জাম লাগে। শেখ কামালের গাড়ি গুলিবিদ্ধ হওয়ার পর তাদের গাড়ির মধ্যে কোনো আগ্নেয়াস্ত্র পাওয়া যায়নি বলে প্রকাশ। তাছাড়া বাংলাদেশে ব্যাংকের আন্ডার গ্রাউন্ডে যেখানে অর্থ জমা থাকে সেটি হাইভোল্টের ইলেক্ট্রিক কারেন্ট প্রবাহিত হয়, যার চাবি থাকে নির্দিষ্ট এক ব্যক্তির কাছে, যিনি ব্যাংকে উর্দ্ধতন কর্মকর্তা। এ ধরনের মিশনে প্ল্যান থাকতে হবে। থাকতে হবে মিশন ইম্পসিবল জাতীয় সরঞ্জাম। বিশ্ববিদ্যালয়ের এই সকল আড্ডা বাজ তরুণদের মাথায় সে ধরনের নীল নকশা প্রণয়নের চিন্তাধারা ছিল বলে প্রকাশ পাওয়া না।

বাকি অংশ ব্যাংক ডাকাতি / ৪ পাতায়

সাউথ এশিয়ান নেটওয়ার্কের টাউন হল মিটিং

একুশ রিপোর্ট
গত ৩০ সেপ্টেম্বর, ২০০৬ (শনিবার) দুপুর ২টা থেকে বিকাল ৫টা পর্যন্ত শ্যাটো রিক্রিয়েশন সেন্টারে সাউথ এশিয়ান নেটওয়ার্ক এক টাউন হল মিটিং আয়োজন করে। সেখানে বাংলাদেশসহ বিভিন্ন দেশের ইমিগ্রেন্ট মানুষের সমাবেশ ঘে এবং তার তাদের বিভিন্ন জীবন কাহিনী তুলে ধরেন যে, ইমিগ্রেশন আইনে তাদের পারিবারিক জীবনে কি ধরনের প্রভাব পড়েছে। টাউন হল মিটিং-এ পারস্পরিক আলোচনার মাধ্যমে তাদের ইমিগ্রেশন অধিকার সম্পর্কে সচেতনতামূলক কথাবর্তা

বাকি অংশ সাউথ এশিয়ান / ৬ পাতায়

ক্লিনটনস গ্লোবাল ইনিশিয়েটিভ

গত মাসে নিউইয়র্কে প্রেসিডেন্ট ক্লিনটনের উদ্যোগে আয়োজিত ক্লিনটনস গ্লোবাল ইনিশিয়েটিভ সম্মেলনে ভাইস প্রেসিডেন্ট আল গোর গ্রামীন ব্যাংকের প্রফেসর মোহাম্মদ ইউনুসের সঙ্গে প্যানেল আলোচনায় অংশ নেন।

বিশেষ প্রতিনিধি

ক্লিনটনস গ্লোবাল ইনিশিয়েটিভ:
গত সপ্তাহে নিউইয়র্ক প্রেসিডেন্ট ক্লিনটনের উদ্যোগে আয়োজিত আবহাওয়া পরিবর্তন, দারিদ্রতা স্বাস্থ্যসেবা এবং ধর্ম ও আঞ্চলিক বিরোধ নিয়ে সারা বিশ্ব থেকে রাজনীতিবিদ, ব্যবসায়ী ,সমাজকর্মী, এক্সিকিউটিভ ও শিক্ষাবিদদের নিয়ে অনুষ্ঠিত হলো এক বিশ্ব মহাসম্মেলন। এই সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিসহ প্রায় ৫০টি দেশের বর্তমান এবং সাবেক সরকার প্রধান,

> ৭ নভেম্বর এই প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করতে বাংলাদেশে আসবেন বিশ্ববিখ্যাত ফুটবল তারকা জিনেদিন জিদান।

> মাইক্রোক্রেডিট দারিদ্র্য বিমোচনে তাদের জন্য ভালো কাজ করছে যারা দরিদ্রসীমার উচু কাতারে অবস্হান করছে।

পৃথিবীর সবচেয়ে ধনী ব্যক্তিদের মধ্যে ২ জন, অনেক এক্সিকিউটিভ বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট নন প্রফিট কোম্পানির কর্মকর্তারা যোগ দেন। উক্ত সম্মেলনে মধ্যপ্রাচ্য সমস্যা, গ্লোবাল ওয়ামিং, এইডসসহ অনেক বিষয় স্থান পায়। লরা বুশ ও হিলারী ক্লিনটন ও উপস্থিত ছিলেন। বাংলাদেশ থেকে গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইউনুস এবং ব্র্যাকের আবেদ রাজ্জাক উপস্থিত ছিলেন।

বাকি অংশ গ্রামীণ / ৮ পাতায়

লস এঞ্জেলেসের ইতিহাসে সর্ববৃহৎ জনসাধারণের অবাধ্যতায় (Public disobedience) ১৭০ জন গ্রেপ্তার

বিশেষ প্রতিনিধি

লস এঞ্জেলেস ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের কাছে ইমিগ্র্যান্ট হোটেল কর্মচারী ন্যায্য দাবি আদায়ের লক্ষ্যে আয়োজিত প্রতিবাদ সভা থেকে ১৭০ জন কর্মচারীকে লস এঞ্জেলেস পুলিশ জনসাধারণের অবাধ্যতা আইনে গ্রেপ্তার করেছে। তারা হোটেল হিলটন এবং ওয়েস্টিনের কর্মচারী। প্রায় ২ হাজার কর্মচারীদের এই বিক্ষোভে ৩ ঘণ্টা সেঞ্চুরী বুলোভার্ড বন্ধ থাকে। রাস্তার দুপাশের শত শত জনতা 'বয়কট হিলটন, সি সে পুয়েছে, নো জাস্টিস, নো পীস বলে শ্লোগান ও প্ল্যাকার্ড বহন করে। এতো শ্রমিক গ্রেপ্তারের এই ঘটনা গত ৬০ বছরের ইতিহাসকে ছাড়িয়ে গেছে। হোটেল কর্মচারীরা বেতন বৃদ্ধি এবং অন্যান্য সুযোগ সুবিধা নিয়ে অনেক দিন ধরে আন্দোলন চালিয়ে যাচ্ছে। হাউস কীপাররা, ১১ ডলারের নিচে বেতন পায় এবং ওয়েটাররা মিনিমাম মজুরিতে কাজ করে এবং টিপসের ওপরেও তাদের ট্যাক্স দিতে হয়। গ্রেপ্তারকৃতদের মধ্যে রয়েছে, ধর্মীয় নেতারা, কলেজের ছাত্র, ইমিগ্র্যান্ট একটিভিস্ট, ইউনিয়নের লীডার এবং তিনজন স্টেট কংগ্রেসম্যান। গিল সেসিয়ো (লস এঞ্জেলেস), রিচার্ড আলকরন (সানভ্যালী) জুডি চা (মন্টেরী পার্ক) ছাড়াও ২ জন সিটি কাউন্সিলম্যান অ্যাডবেইয়েজ ও হোজে হুইজার গ্রেপ্তারকৃতদের মধ্যে ছিলেন।

নাগরিকত্ব পাওয়া ইমিগ্র্যান্টদের হয়রানি

GKk †W‹

নাগরিকত্ব পাওয়া ইমিগ্র্যান্টদের হয়রানি
দীর্ঘ পাঁচ মাস পরে পাকিস্তানি বংশোদ্ভূত ২জন আমেরিকান নাগরিক ক্যালিফোর্নিয়ায় তাদের নিজের ঘরে ফিরে আসবার জন্য এফবিআই-এর ক্লিয়ারেন্স পেলেন। মোহাম্মদ ইসমাইল (৪৫) ও তার ছেলে জাবের (১৯) যে জন্মগতভাবে এদেশের নাগরিক। গত পাঁচ মাস আগে পাকিস্তানে পরিবার-পরিজনের সাথে দেখা করতে গিয়েছিলেন। তারা যখন ভ্রমণের শেষে ফিরে আসার পরিকল্পনা করছিলেন তখন তাদেরকে ইউএসতে ঢোকার অধিকার হরণ করা হয়। কারণ হিসেবে ইসমাইলের ভাই ওমর হায়াত ও তার ছেলেকে এফবিআই টেরোরিস্টদের সাথে যোগাযোগ আছে, এফবিআই-এর সাথে মিথ্যা কথা বলা এবং ২০০৩ সালে তাদের পাকিস্তানে ভ্রমণের সময় কিছু ডলার ডিক্লায়ের ছাড়া নিয়ে যাবার জন্য অভিযুক্ত করে অন্তরীণ করে। পরে জুরিরা এই সকল চার্জের সাথে একমত পোষণ করে নাই। জাবের ইসমাইল আমেরিকান সিভিল লিবার্টিস ইউনিয়ন অব নর্দার্ন ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নী জুলিয়া হারোমি মাসের মাধ্যমে বলেন, যেদেশে আমি জন্ম নিয়েছি, সেই দেশেই আমাকে ঢুকতে দেয়া হয়নি। এটা কোন ধরনের গণতান্ত্রিক দেশের কার্যক্রম?

আড়িপাতা আইনের বৈধতা

GKk †W‹

আন্তর্জাতিক ফোন কল, ই-মেইল যোগাযোগের ওপর কোর্টের সমন ছাড়াই গোয়েন্দাগিরি করার অবাধ সুযোগ তৈরি হলো।কোর্টের সমন ছাড়াই ফোনের কথাবার্তা রেকর্ড এবং ই-মেইল চেক করার বর্তমান পরিস্থিতি সামাল দিতে গত বৃহস্পতিবার রাতে ইউএস হাউস অফ রিপ্রেজেনটেটিভরা ২৩২-১৯১ভোটে বুশ প্রশাসনকে আইনি ক্ষমতা দিয়ে Wiretappi ng আইন পাস করেছে। এতে আন্তর্জাতিক ফোন কল– ই-মেইল এবং অন্যান্য যোগাযোগের ওপর কোর্টের সমন ছাড়াই গোয়েন্দাগিরি করার অবাধ সুযোগ তৈরি হলো। এই বিলে উল্লেখ আছে যে, প্রেসিডেন্টকে অবশ্যই প্রমাণ করতে হবে যেকোনো আক্রমণ অত্যাসন্ন এবং ইন্টিলিজেন্স কমিটি, হাউসের কংগ্রেশনাল লিডার ও সিনেটরদের অবহিত করার বিধান রয়েছে। পরবর্তী সময়ে কাঙ্ক্ষিতভাবে বা সমষ্টিগতভাবে যাদের ওপর গোয়েন্দাগিরি করা হয়েছে তাদের সম্পূর্ণ বিবরণ প্রকাশ করতে হবে। প্রতি ৯০ দিন পরপর প্রেসিডেন্টকে এই আইন নবায়ন করতে হবে। হাউসের এই বিল সিনেটের বিলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না থাকায় আগামী ৭ নভেম্বরের ইলেকশনের আগে এই বিল সই হবে না বলে পর্যবেক্ষকরা ধারণা করছেন।

জয় লস এঞ্জেলেসে আসবেন

ক্যালিফোর্নিয়ায় বঙ্গবন্ধু ফাউন্ডেশন প্রতিষ্ঠার জন্য জয় লসএঞ্জেলেসে আসবেন

একুশ রিপোর্ট
আগামী ১৪ অক্টোবর বঙ্গবন্ধু ফাউন্ডেশনের চেয়ারম্যান সজিব ওয়াজেদ জয় প্রথমবারের মতো লসএঞ্জেলেসে পদার্পণ করবেন। তিনি ক্যালিফোর্নিয়ার বঙ্গবন্ধু ফাউন্ডেশন প্রতিষ্ঠার জন্য আসবেন বলে বাংলাদেশ আওয়ামী লীগ, যুক্তরাষ্ট্র ক্যালিফের্নিয়া শাখার প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে জানা গেছে। উক্ত ফাউন্ডেশনের অনুষ্ঠান আভিজাত্য কোনো একটি হোটেলে আয়োজন করা হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। আওয়ামী লীগ যুক্তরাষ্ট্র, ক্যালিফোর্নিয়া শাখার সভাপতি সোহেল রহমান বাদল জানান যে, প্রস্তাবিত কমিটির মধ্যে আহ্বায়ক হিসাবে রয়েছেন ড. ওয়ালি মণ্ডল (স্যান্ডিয়াগো) এবং সদস্য সচিব জনাব, মমিনুল হক বাচ্চু (লসএঞ্জেলেস)। ফাউন্ডেশন গড়ার ক্ষেত্রে মতনৈক্য থাকলেও এখনো পর্যন্ত প্রোগ্রাম বলবৎ রয়েছে।

লস এঞ্জেলেসের এশিয়ান মার্কেটগুলিতে আতংক !

অস্ত্রের মুখে ডাকাতী

একুশ রিপোর্ট
গত ১৪ সেপ্টেম্বর থেকে এশিয়ান কমিউনিটির মার্কেট, লিকার স্টোর, ফাস্ট ফুডের দোকানগুলিতে এক সংঘবদ্ধ ডাকাত দল আক্রমণ করে যাচিছলো। প্রায় ২০টিরও বেশী ব্যবসা প্রতিষ্ঠানে তারা হামলা চালায় এবং ৩৭,০০০ ডলার ক্যাশ ও পণ্য সামগ্রী তারা লুণ্ঠন করে। হলিউড বুলোভার্ডে ও ডাউন টাউন এলাকায় গত শনিবার ৩ ঘন্টার মধ্যে পাঁচটি ডাকাতি সংঘটিত হয়। এল এ পি ডি তাই মিড উইলশ্যার, লা ফায়েত পার্ক, হলিউড, ঈগল রকসহ অন্যান্য

বাকি অংশ এশিয়ান / ৬ পাতায়

বাফলার অধিবেশন সংবাদ

একুশ ডেস্ক
বাফলার গত মাসের অনুষ্ঠান স্থগিত ছিল মরহুম সাজ্জাদের মৃত্যুর ঘটনার জন্য, সেই অধিবেশনের এজেন্ডা নিয়ে নতুন কমিটি গঠনের কথা ছিল। কিন্তু উপস্থিতিতে সংগনের সংখ্যা বেশি না থাকায় আগামী নভেম্বরের অধিবেমনে কমিটি গঠনের প্রস্তাব আসে। অনেকেই কমিটি গঠনের প্রক্রিয়াকে সমালোচনার দৃষ্টিতে দেখছেন। লস এঞ্জেলেসের ৭২ জন সদস্য দিয়ে এই কমিটির বিভিন্ন পদ পূরণ করার প্রচেষ্টা করা হচ্ছে। যার মূল একটিং কমিটিতে ৫ জনের নাম দেওয়ার মাধ্যমে তৈরির ফর্মূলা বের করা হয়েছে। এ ক্ষেত্রে সমালোচনার সৃষ্টি হয়েছে।

বাকি অংশ বাফলা / ২ পাতায়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র/ছাত্রীদের পুর্নমিলনী

শিক্ষাই আলো
ঢাকা বিশ্ববিদ্যালয়

মিডিয়া পার্টনার GKk †W‹ †_‡K

ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশন অব ক্যালিফোর্নিয়ার এডহক কমিটি গঠিত
মিডিয়া, একুশ রিপোর্ট : গত ১ অক্টোবর রোবব-ার, ২০০৬ আলাদিন রেস্টুরেন্টে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রছাত্রী পুনর্মিলনীর উদ্দেশ্যে ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশন অব ক্যালিফোর্নিয়ার এডহক কমিটি গঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এককালীন ডাকসুর এজিএস গোলাম মোস্তফাকে কনভেনর করে সর্বসম্মতিক্রমে একটি এডহক কমিটি হয়। যার মধ্যে কো-কনভেনর হিসাবে রয়েছেন খন্দকার আলম, মুশফিকুর চৌধুরী খসরু, মঞ্জুর মোল্লা ও এম এ করিম। এছাড়া ক্যালিফোর্নিয়ার বিভিন্ন স্থান থেকে প্রতিনিধিত্বের জন্য কার্যকরী সদস্যের একটি কমিটি প্রণয়ন করা হয় যার মধ্যে রয়েছেন, জাহান হাসান, মোঃ ইমরান হোসেন শিকদার, নোমান চৌধুরী, মুকতাদির চৌধুরী বরুন, সফিক তরফদার, শিউলি মিজান, মিসেস মুন্না, আফজালউদ্দীন, মোঃ আনিস, লাকী, আইয়ুব খান, অঞ্জলী রায় চৌধুরী, মি. জামান, মোহম্মদ আমিন মিঠু, মোঃ জাফরুল্লাহ, মোঃ হান্নান, বদিউল আলম, মুজিব সিদ্দিকী, উম্মে কুলসুম, শহিদুল ইসলাম, ঈসমাইল হোসেন, মোঃ জসিমউদ্দিন, আফতাব উদ্দিন আহমেদ, আতাউল খান রিপন, তারেক খান ও ড. সায়েম (ক্রমশঃ)। মিডিয়া পার্টনার একুশের সম্পাদক কাজী মশহুরুল হুদা ও এটিএন বাংলার এল এ র ম্যানেজিং ডিরেক্টর সেলিমা আক্তার।

বাকি অংশ পুর্নমিলনী / ৯ পাতায়

লস এঞ্জেলেসের লায়লাতুল কদর ও ঈদ-উল ফিতর

বৃহত্তর লস এঞ্জেলেসে ইসলামিক সেন্টার অব সাউদার্ন ক্যালিফোর্নিয়া অনুযায়ী লায়লাতুল কদর উদযাপিত হবে আগামী ১৮ অক্টোবর (বুধবার), সন্ধ্যা ৭:৩০ মি. থেকে শুরু হবে বারব্যাঙ্ক হিলটন। (পার্কিং সাত ডলার) এবং ঈদ-উল ফিতর অনুষ্ঠিত হবে ২৩ অক্টোবর (সোমবার), সকাল ৭টায় লস এঞ্জেলেস কনভেনশন সেন্টার। (পাকিং ১০ ডলার)। এছাড়া রমজানের মধ্যে প্রতি শনিবার সারা রাতব্যাপী ইসলামিক সেন্টারে উদযাপিত হবে স্পিরিচুয়াল নাইট। সেহেরি মসজিদে করানো হয় এবং সকলেই সারা রাত পরিচালিত ইবাদত বন্দেগী করে ফজর নামাজ বাদ ঘরে ফিরে যায়।

বৃহত্তর লস এঞ্জেলেসে বাংলাদেশী প্রবাসীর দুর্গাপূজা

একুশ রিপোর্ট : গত ২৩ ২৪ সেপ্টেম্বর নরওয়ার্ক এক্সসেলসিওর হাইস্কুলে উদযাপিত হয় প্রবাসী বাংলাদেশী কমিউনিটি কর্তৃক দুর্গাপূজা। উক্ত পূজার ঠাকুর ছিলেন শ্রী কামলেন্দু গাঙ্গুলী। বেঙ্গলী হেরিটেজ অব ক্যালিফোর্নিয়া কর্তৃক দুদিনব্যাপী অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল। কলকাতা থেকে আগত প্রখ্যাত শিল্পী নচিকেতা চক্রবর্তী ও তার দল।
গত ২৩ সেপ্টেম্বর সকাল ৮টা থেকে পূজাপর্বন শুরু হয় এবং দুপুরে মধ্যাহ্নভোজের পর মহাসপ্তমি এবং সন্ধ্যাপূজার পর আরতি হয়। রাত্রিকালীন ভোজনের পর সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। নচিকেতা ও তার দল সঙ্গীত পরিবেশন করে। শব্দযন্ত্রের কারণে দর্শকবৃন্দ ক্ষুব্ধ হয়। কারণ কারুর সঙ্গীত উপভোগ করা যায়নি বলে মতপ্রকাশ করে। এছাড়া উপস্থাপনার দুর্বলতা আরো পীড়াদায়ক হয়ে ওঠে। উক্ত পূজার অনুষ্ঠানে অগণিত প্রবাসী দলমত ধর্মবর্ণ নির্বিশেষে দেশীয় স্টাইলে সকলেই অংশগ্রহণ করে সমাগমমুখর করে তোলে। অন্যতম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. রফিকুজ্জামান।
দুর্গাপূজার দ্বিতীয় দিনে মহানবমি দিয়ে শুরু হয় সকাল ১০টা থেকে। এরপর পুষ্পানুশলী ও প্রসাদ, মহাদূর্গা হোম, বিজয়া দশমিপূজা এবঙ বিসর্জনের পর আরতি হয়। সবশেষে থাকে স্থানীয় শিল্প পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান।

কবি শামসুর রাহমান স্মরণসভা

লস এঞ্জেলেসে কবি শামসুর রাহমান
স্মরণসভায় কবিতানুষ্ঠান
গত ২২ সেপ্টেম্বর ২০০৬ শুক্রবার সন্ধ্যায় লসএঞ্জেলেসে সুবুদ সেল্টার প্রয়াত কবি শামসুর রাহমান এবং কবি রফিকুজ্জামান খান সাজ্জাদ স্মরণে কবিতা অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ একাডেমী রাইটার্স এসোসিয়েশন এবং বিশ্ব সাহিত্য কেন্দ্র। কবিদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। কবি মুকতাদীর চৌধুরী তরুণ বলেন, 'কবি শামসুর রাহমান কবিদের কবি। তিনি কোনো অতীত স্মৃতি নন। তিনি চিরকাল আমাদের অন্তর জুড়ে থাকবেন।

বাকি অংশ **শামসুর রাহমান** / ৭ পাতায়

ক্লান্তির মাঝে সড়ক দুর্ঘটনায় প্রত্যঙ্গহানি

একুশ রিপোর্ট

একুশ রিপোর্ট : গাড়ীর শহর লস এঞ্জেলেস। এই শহরে কারুর যদি গাড়ী না থাকে তার অর্থ দাঁড়ায় তিনি একজন বন্দী। গাড়ী ছাড়া সময় মতো জীবন পরিচালনা করা দুরূহ। গাড়ী থাকলে যেমন সুবিধা আছে তেমন অসুবিধাও আছে অসাবধানতায় গাড়ী চালালে। যাদের দীর্ঘ সময় গাড়ী চালাতে হয় বা গাড়ী চালানো প্রফেশনাল, তাদেরকে অবশ্যই সতর্কতা অবলম্বন করতে হবে। দেহকে বিশ্রাম দিয়ে গাড়ী চালাতে হবে। তা না হলে ক্লান্তি কোনো ক্ষমতা করবে না।

বাকি অংশ **ক্লান্তি** / ৩ পাতায়

লস এঞ্জেলেসে মারামারির ঘটনা সমুহ

একুশ †W‹

ক. শিশুদের মারধোর



মারামারি বলতে দুজন পুরুষের মধ্যে উন্মাদের মতো হাতাহাতি তার প্রকারভেদ রয়েছে। দৈনিকভাবে, মানষিকভাবে, অকথ্য ভাষার মাধ্যমে উত্তেজিত ক্রোধ প্রদর্শনে ভয়ভীতি দেখানো মারামারি পর্যায় চলে যায়। সে দুজন পুরুষই থেকে বা একাধিক মানুষ হোক বা নারীই হোক। গত পাক্ষিকে আমরা বলেছিলাম স্ত্রীর সঙ্গে মারামারির ঘনা, কারণ ডমেস্টিক ভায়োলেন্স কোনো ব্যক্তির ঘটনা নয়। সামাজিক ও রাষ্ট্রীয় অপরাধ। তেমনিভাবে আরো জঘন্যতম অপরাধ অসহায় শিশু সন্তানদেরকে প্রহার করা, দাপটের ভয়ে ভেতর গড়ে তোলা। শিশু মনস্তাত্বিকবিদ বলেন এই ধরনের অভিভাবকের পারিবারিক পরিবেশে যদি শিশু সন্তান গড়ে ওে তাহলে বড়ো হয়ে সেই সব ছেলেমেয়েদের মানষিক সমস্যা বা সাইকোলজিক্যাল সমস্যা দেখা দেয়।

বাকি অংশ মারামারি / ৭ পাতায়

এবারও লস এঞ্জেলেসে বিভক্ত রোজা

একুশ †W‹

গত ২২ সেপ্টেম্বর (শুক্রবার) ২০০৬-এর রাত্রি তারাবিহ পড়ার মধ্যে দিয়ে লসএঞ্জেলেসের রোজা শুরু হয়। অর্থাৎ প্রথম রোজা ছিল ২৩ সেপ্টেম্বর শনিবার থেকে। ইসলামিক সেন্টার অফ সাউদার্ন ক্যালিফোর্নিয়ায় তারাবির জন্য বিশ্বের সকল বর্ণের ও জাতির মুসলিম সম্প্রদায় একত্রিত হয়ে তারাবিতে অংশগ্রহণ করেন। উক্ত তারাবিহ পরিচালনাকালে মিশরীয় আন্তর্জাতিক প্রখ্যাতকারী জিবরাইল। তার মধুর কণ্ঠ স্বকানে শোনার জন্য মানুষের চুল উপরে পড়েছিল। সেন্টারের চেয়ারম্যান ডা. মেহের হাতুত মুসলিম সম্প্রদায়ের উদ্দেশ্যে বলেন রোজাকে অতিথি হিসাবে গণ্য করা উচিত। যেমন কোনো বিশেষ অতিথি বাসায় আসলে ঘর গোছাতে হয়, পরিষ্কার পরিচ্ছন্ন করতে হয়, তেমনি রোজা অতিথি হিসাবে হৃদয় অবতারণা করলে তার জন্য প্রস্তুতির প্রয়োজন। পরামর্শ হিসাবে তিনি বলেন প্রতিদিন একটি আয়াতকে নির্বাচন করে বা সারামাসে একটি আয়াত নিজের জন্য গ্রহণ করে অনুশীলনের আহ্বান জানান, উদাহরণস্বরূপ বললেন, কুরআনে আল্লাহ বলেছেন, কেউ যদি কারুর সঙ্গে প্রতিজ্ঞা করে তা মুসলিম হিসাবে দুজনের মধ্যে সীমাবদ্ধ থাকে না। আল্লাহ স্বয়ং তৃতীয় ব্যক্তি থাকেন এবং কেউ যদি তা ভঙ্গ করে তা আল্লাহর সঙ্গেই ভঙ্গ করার সামিল হয়। অপরদিকে তবলিক জামাতের অনুসারী পাকিস্তানী ও বাংলাদেশী মসজিদসমূহে প্রথম তারাবিহ শুরু হয় শনিবার রাতে অর্থাৎ প্রথম রোজা শুরু রবিবার থেকে। এ উপলক্ষ্যে, প্রবাসীরা বাংলাদেশী সকল দোকান আলাদিন দেশী, স্বদেশ, পরদেশ ও লিটল ঢাকাসহ অন্যান্য খাবারের দোকানে বিশেষ ইফতার পাটির ব্যবস্থা করেছে। আলাদিন অতীতের মতো ইফতার পার্টি বুফেতে দিয়েছে। ৬.৯৯ ডলারে অল ইউ ক্যান ইট, তাতে ২৫টির মতো আইটেম থাকে। তা হল কেউ সঙ্গে করে নিয়ে যেতে পারবে না। ইফতার পার্টি বুফেতে নতুনত্বের দাবিদার।
এখানে উল্লেখ্য যে, ৩৫ বছর পর এই প্রথম রমজান মাস জুইস ধর্মীয় দিন রোসোসানা (৫৭৬৭তম ইহুদী ক্যালেন্ডার নববর্ষ) শুরু হয়েছে। ১.২৮ বিলিয়ন মুসলিম এবং ১৫.৯ মিলিয়ন ইহুদি সম্প্রদায় একই দিনে ধর্মীয় কর্মসূচি পালন করা শুরু করে। উভয় ধর্মই চাঁদ দেখার উপর নির্ভলশীল। ইসলাম ধর্মে যেমন দুই ঈদে, সবেমেরাজ ও সবেকদর অতি সম্মানিত উৎসব তেমনি প্যাসওভার, হানুকা, ইয়ামকাপুর ও রাসাসানা ইহুদি ধর্মের সম্মানিত উৎসবসমূহ। যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে উভয় ধর্মীয় আচার। আরো উল্লেখ্য যে, একই দিনে বাংলাদেশের হিন্দুসম্প্রদায় লস এঞ্জেলেসে দূর্গাপূজা উৎসব শুরু করে।